দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 3 JAN 2013 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 6 ...

# নতুন নীতিমালার কারণে গাংনীতে বহু শিক্ষার্থী উপবৃত্তি থেকে বঞ্চিত

গাংনী (মেহেরপুর) থেকে সংবাদদাতা ॥ গাংনীতে প্রাথমিক বিদ্যালয়ের কয়েক হাজার ছাত্র-ছাত্রী উপবৃত্তি পাচ্ছে না। উপবৃত্তি প্রদানের নতুন নীতিমালার কারণে উপজেলার পৌরসভা এলাকার ৮টি প্রাথমিক বিদ্যালয় ও বেসরকারী সংস্থা পরিচালিত ১০/১২টি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হচ্ছে। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, প্রাথমিক পর্যায়ে উপবৃত্তি প্রদানের নতুন নীতিমালা অনুযায়ী উপবৃত্তি পেতে হলে প্রত্যেক বিদ্যালয় থেকে শতকরা ১৫ ভাগ ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। ইতিমধ্যেই আবার ২০ ভাগ ছাত্র-ছাত্রীর বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরিপত্র জারি করায় বিদ্যালয়ের প্রধানসহ সরকারী শিক্ষকগণ বিপাকে পড়েছেন। যেসব স্কুলে ২০ ভাগ ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে আসছে শুধুমাত্র সেইসব বিদ্যালয় উপবৃত্তির টাকা পাবে। এদিকে নতুন জারিকৃত পরিপত্র অনুযায়ী প্রথম কিস্তির টাকা অর্থাৎ গত জানুয়ারী থেকে জুন পর্যন্ত সময়ের টাকা বিতরণ করা হলেও এ উপজেলার অনেক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর বর্তমান নীতিমালার অন্তর্ভুক্ত না হওয়ায় উপবৃত্তির টাকা পাচ্ছে না। ইতোমধ্যে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তা বরাবর নীতিমালা শিথিল করার জন্য সুপারিশ পাঠানো হয়েছে বলে শিক্ষা অফিস সূত্রে জানা গেছে।